

গান্ধি পোকা

আকৃতি ও জীবনবৃত্তান্ত

পূর্ণবয়স্ক গান্ধি পোকা ধূসর রঙের এবং কিছুটা সরু আকৃতির পা এবং শুঁড় দুটো লম্বা।



চিত্র: পূর্ণবয়স্ক গান্ধি পোকা

গান্ধি পোকা ধানের পাতা ও শিমের উপর সারি করে ডিম পাড়ে। সবুজ রঙের বাচ্চা ও পূর্ণবয়স্ক গান্ধি পোকাকার গা থেকে বিশ্রী গন্ধ বের হয়।

ক্ষতি

- ▶ বাচ্চা ও পূর্ণবয়স্ক উভয়ই ধান গাছের দানা থেকে রস শুষে খায় ফলে ধান চিটা হয়।
- ▶ সব মৌসুমেই এ পোকা আক্রমণ করে।



চিত্র: গান্ধি পোকা আক্রান্ত ধান

দমন পদ্ধতি

- ▶ আলোকফাঁদের সাহায্যে দমন করা যায়
- ▶ প্রয়োজনে শুধু অনুমোদিত কীটনাশক ব্যবহার করা (ধান ক্ষেতের অধিকাংশে যদি প্রতি গোছায় ২-৩ টি গান্ধি পোকা দেখা যায়)। কীটনাশক বিকেল বেলায় প্রয়োগ করতে হবে।



চিত্র: আলোক ফাঁদ